

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

সুরাকার ইসলাম গ্রহণ (اسلام سراقة)

এ সময় বনু কিনানাহর নেতা সুরাক্বা বিন মালেক বিন জু'শুম আল-মুদলেজী এসে মুসলমান হন। হিজরতকালে তিনি রাসূলুল্লাহ (ছাঃ)-এর পশ্চাদ্ধাবন করেন। অতঃপর ব্যর্থ হয়ে রাসূল (ছাঃ)-এর নিকট থেকে একটি 'নিরাপত্তানামা'(كِتَابَ أَمْنِ) লিখে নেন। হোনায়েন এসে তিনি সেটি দেখান। ফলে রাসূল (ছাঃ) তাকে নিকটে আসার অনুমতি দেন। অতঃপর তিনি ইসলাম কবুল করেন'।[1]

ফুটনোট

[1]. বুখারী হা/৩৯০৬; ইবনু হিশাম ১/৪৯০।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5619

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন